

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৮৫৭

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ একটি যিকির যা কোন ব্যক্তি সকাল বেলায় বললে কিয়ামতের দিন কোন ব্যক্তি তার সমপরিমাণ নেকি অর্জন করতে পারবে না

ذَكَرُ الشَّيْءِ الَّذِي إِذَا قَالَهُ الْإِنْسَانُ حِينَ يُصْبِحُ لَمْ يُؤَافِ فِي الْقِيَامَةِ أَحَدٌ بِمِثْلِ مَا وَافَى

আরবী

857 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ الضَّرِيرُ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ قَالَ: حَدَّثَنَا رَوْحُ بْنُ الْقَاسِمِ عَنْ سَهِيْبٍ عَنْ سُمَيِّ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ قَالَ حِينَ يُصْبِحُ: سُبْحَانَ اللَّهِ الْعَظِيمِ وَبِحَمْدِهِ مِئَةَ مَرَّةٍ وَإِذَا أَمْسَى كَذَلِكَ لَمْ يُؤَافِ أَحَدٌ مِنَ الْخَلَائِقِ بِمِثْلِ مَا وَافَى) الراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 857 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮৫৭. আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি সকাল বেলায় **وَبِحَمْدِهِ الْعَظِيمِ سُبْحَانَ اللَّهِ** (সুমহান আল্লাহর পবিত্রতা ঘোষণা করছি এবং তাঁর প্রশংসা করছি।) একশত বার বলবে, এবং সন্ধ্যা বেলায় অনুরূপভাবে বলবে, তবে সৃষ্টিজীবের মধ্যে তার সমতুল্য সাওয়াব আর কেউ অর্জন করতে পারবে না।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ৫০৯১; সহীহ মুসলিম: ২৬৯২; তিরমিযী: ৩৪৬৯; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৫৬৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩২৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তালীকুর রাগীব: ১/২২৬/৭।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89360>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন